গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর
প্রতিরক্ষা মন্ত্রণালয়
ঢাকা সেনানিবাস।
www.dmlc.gov.bd

নং-২৩.২২.০০০০.০১৮.১১.১৬০.২৩-২৪২

তারিখ: ২৭ বৈশাখ, ১৪৩০ বঙ্গাব্দ
১০ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের আওতাধীন বিভিন্ন সেনানিবাসে ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের উচ্চ মাধ্যমিক/কলেজ পর্যায়ে বিদ্যমান নিম্নবর্ণিত শূন্য পদে নিয়োগের জন্য নির্ধারিত শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের নিকট হতে আবেদন আহবান করা যাচ্ছে:

| ক্র. নং | পদের নাম | পদ সংখ্যা | বেতনস্কেল ও গ্রেড | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ক. | প্রভাষক (১) বাংলা-০৩টি পদ, (২) ইংরেজি-০২টি পদ, (৩) পদার্থবিজ্ঞান-০১টি পদ, (৪) জীববিজ্ঞান-০১টি পদ, (৫) গণিত-০১টি পদ, (৬) পৌরনীতি ও সুশাসন-০২টি পদ, (৭) সমাজবিজ্ঞান-০১টি পদ, (৮) ভূগোল-০১টি পদ, (৯) ইসলামের ইতিহাস ও সংস্কৃতি-০৩টি পদ, (১০) পরিসংখ্যান-০১টি পদ, (১১) হিসাববিজ্ঞান-০২টি পদ, (১২) ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা-০২টি পদ, (১৩) সমাজকর্ম-০১টি পদ, (১৪)ইসলামি স্টাডিজ -০১টি পদ | ২২টি | ২২,০০০-৫৩,০৬০/- ৯ম গ্রেড | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে নিম্নলিখিত পদের পার্শ্বে বর্ণিত বিষয়ে ন্যূনতম ২.২৫ সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বর্ণিত বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদি ২.২৫ সিজিপিএ/সমমানের স্নাতক (সম্মান) ডিগ্রি: (১) প্রভাষক (বাংলা)-বাংলা, (২) প্রভাষক (ইংরেজি)-ইংরেজি, (৩) প্রভাষক (পদার্থবিজ্ঞান)-পদার্থবিজ্ঞান, (৪) প্রভাষক (জীববিজ্ঞান)-উদ্ভিদ/প্রাণিবিজ্ঞান, (৫) প্রভাষক (গণিত)-গণিত, (৬) প্রভাষক (পৌরনীতি ও সুশাসন)-রাষ্ট্রবিজ্ঞান/সরকার ও রাজনীতি, (৭) প্রভাষক (সমাজবিজ্ঞান)-সমাজবিজ্ঞান, (৮) প্রভাষক (ভূগোল)-ভূগোল ও পরিবেশ বিজ্ঞান, (৯) প্রভাষক (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি)-ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, (১০) প্রভাষক (পরিসংখ্যান)-পরিসংখ্যান, (১১) প্রভাষক (হিসাববিজ্ঞান)-হিসাববিজ্ঞান, (১২) প্রভাষক (ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা)-ব্যবস্থাপনা, (১৩) প্রভাষক (সমাজকর্ম)-সমাজকর্ম, (১৪) প্রভাষক (ইসলামি স্টাডিজ)-ইসলামি স্টাডিজ |
| খ. | প্রভাষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) | ০১টি | ২২,০০০-৫৩,০৬০/- ৯ম গ্রেড | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার বিজ্ঞান/আইসিটি বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদি ২.২৫ সিজিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রি অথবা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার বিজ্ঞান/আইসিটি বিষয়সহ স্নাতক ডিগ্রি এবং ২.২৫ সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি। |
| গ. | প্রদর্শক(১) জীববিজ্ঞান-০২টি পদ, (২) রসায়ন-০১টি পদ | ০৩টি | ১৬,০০০-৩৮,৬৪০/- ১০ম গ্রেড | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে নিম্নলিখিত পদের পার্শ্বে বর্ণিত বিষয়ে ন্যূনতম ২.২৫ সিজিপিএসহ স্নাতক/স্নাতক (সম্মান) ডিগ্রি/সমমান: (১) প্রদর্শক(জীববিজ্ঞান)-উদ্ভিদ/প্রাণী বিজ্ঞান, (২) প্রদর্শক(রসায়ন)-রসায়ন |
| | মোট = | ২৬টি | | |

## শর্তাবলী

১। আবেদনের শেষ তারিখ **১২ জুন, ২০২৩** এবং প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

২। জনপ্রশাসন মন্ত্রণালয়, বিধি-১ শাখার স্মারক নং ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯, তারিখঃ ২২ সেপ্টেম্বর, ২০২২ মূলে চাকরির আবেদনের ক্ষেত্রে প্রার্থীর বয়স **২৫-০৩-২০২০** তারিখে সর্বোচ্চ ৩০ বছর। প্রার্থীর বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর।

৩। আবেদনকারী বীর মুক্তিযোদ্ধার/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হলে মুক্তিযোদ্ধা সনদসহ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। একইভাবে শারীরিক প্রতিবন্ধী ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায় ভুক্ত হলে যথাক্রমে জেলা সমাজ সেবা অফিস ও জেলা প্রশাসকের নিকট হতে প্রাপ্ত সনদ দাখিল করতে হবে।

৪। প্রার্থীর আবেদনপত্র শুধুমাত্র অনলাইনে গ্রহণ করা হবে। প্রার্থীর নাম ও পিতার নাম এসএসসি বা সমমানের সনদে যেভাবে লেখা আছে অনলাইন আবেদনে হুবহু সেভাবে লিখতে হবে।

৫। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত: পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ https://job.shmrmi.gov.bd ওয়েবসাইটে প্রবেশ করে আবেদন ফরম পূরণ করতে পারবেন। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত বিস্তারিত তথ্য ও নিয়মাবলী https://job.shmrmi.gov.bd ও www.dmlc.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

৬। প্রভাষক ও প্রদর্শক পদের প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষা নেয়া হবে। তবে প্রযোজ্য ক্ষেত্রে কমিটির সিদ্ধান্ত মোতাবেক লিখিত ও মৌখিক পরীক্ষার পূর্বে প্রিলিমিনারী পরীক্ষা নেয়া যেতে পারে।

৭। আবেদন ফি: প্রভাষক ৬০০/- (ছয়শত) টাকা ও প্রদর্শক ৫০০/- (পাঁচশত) টাকা (চার্জ প্রযোজ্য)।

৮। আবেদনকারীর সমগ্র শিক্ষা জীবনে ০১ (এক)টির বেশি এসএসসি/এইচএসসি/সমমানের পরীক্ষায় ২.৫০ জিপিএ এবং স্নাতক/স্নাতক (সম্মান)/স্নাতকোত্তর/সমমানের পরীক্ষায় ২.২৫ সিজিপিএ এর নিচে গ্রহণযোগ্য নয়।

৯। শিক্ষকগণের নিয়োগ হবে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে। পরবর্তীতে বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ, সন্তোষজনক চাকরি ও পুলিশ ভেরিফিকেশন তথ্যের ভিত্তিতে স্থায়ীকরণ করা হবে।

১০। নিয়োগপ্রাপ্ত শিক্ষকগণ পেনশন সুবিধা প্রাপ্য হবেন না। তবে, 'কনট্রিবিউটরি প্রভিডেন্ট ফান্ড'সহ সময় সময় প্রচলিত অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন।

১১। প্রজাতন্ত্রের কর্মে (সরকারি/আধা সরকারি/বেসরকারি সংস্থা) অথবা স্থানীয় কর্তৃপক্ষের অধীন চাকরিরত প্রার্থীদের মধ্যে যোগ্যতা সম্পন্ন এবং নির্ধারিত বয়সের প্রার্থীরা নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমতি প্রাপ্ত হলে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। উক্ত অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করতে হবে।

১২। মৌখিক পরীক্ষার সময় আবশ্যিকভাবে মূল সনদসমূহ প্রদর্শন করতে হবে। নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন দৈনিক/ভ্রমণ ভাতা প্রদান করা হবে না।

১৩। বিজ্ঞপ্তিতে বর্ণিত পদের চূড়ান্ত নিয়োগের ক্ষেত্রে সরকারের জারিকৃত/প্রকাশিত সর্বশেষ আইন, বিধি-বিধান ও নির্দেশনা অনুসরণ করা হবে।

১৪। উক্ত চাকরি সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের আওতাধীন বিভিন্ন ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে বদলিযোগ্য হবে।

১৫। চূড়ান্তভাবে নির্বাচিত ও পেমেন্ট ভেরিফাইড প্রার্থীদের Online এর মাধ্যমে প্রদানকৃত তথ্যের সঠিকতা যাচাইপূর্বক নিয়োগ প্রদানের সুপারিশ করা হবে। পরবর্তীতে যে কোন সময়ে সুপারিশকৃত প্রার্থীদের দাখিলকৃত কাগজপত্রে ঘাটতি/অসঙ্গতি/ত্রুটি/জালিয়াতি ইত্যাদি পরিলক্ষিত হলে, উক্ত প্রার্থীর সুপারিশ বাতিল বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৬। প্রকাশিত ফলাফলে কোনো উল্লেখযোগ্য (Substantive) ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে নিয়োগকারী কর্তৃপক্ষ তা সংশোধনের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৭। কর্তৃপক্ষ নিয়োগ সংক্রান্ত এ বিজ্ঞপ্তির সংশোধন/বাতিল/শূন্য পদের সংখ্যা হ্রাস বা বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন।

**স্বাক্ষরিত/-**
১০/৫/২০২৩
**মহাপরিচালক**
সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর
প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা সেনানিবাস।